



145477 - যার সাথে তার ক্লাসমটেরে সম্পর্ক ছিল; সে ছলেতে কাছে তার ছবি আছে; এখন সে কি ঐ ছলে থেকে ছবিগুলো চাইবে?

প্রশ্ন

বিশ্ববিদ্যালয়ের জীবনে এক ক্লাসমটেরে সাথে আমার সম্পর্ক ছিল; আমি তওবা করছি এবং সে সম্পর্ক হ্রিন করছে। তার কাছে আমার কিছু ছবি রয়েছে। তার কিছু ছবিও আমার কাছে আছে। আমি কিসে ছবিগুলো তার থেকে ফেরত চাইব এবং তার ছবিগুলো তাকে ফেরত দবি। কারণ এগুলো রাখা তো হারাম। নাকি আমি চুপ থাকব; যাতে করে দ্বিতীয়বার তার সাথে কথা বলা এড়িয়ে চলতে পারি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কোন নারীর জন্য বগোনা পুরুষের সাথে সম্পর্ক গড়া নাজায়যে। কারণ এ সম্পর্ক গড়ার মধ্যে অনেকে হারাম বিষয় সম্পৃক্ত। যমেন- দেখা সাক্ষাত, কথা শুনতে ও কটমল কণ্ঠ শুনতে মজা পাওয়া, তার কাছে মন পড়ে থাকা। আর এর বাইরে আরও যা কিছু ঘটতে পারে সেগুলো তো আরও জঘন্য ও মারাত্মক। এ ধরনের সম্পর্ক ইসলামে নিষিদ্ধ নারী-পুরুষের অবাধ মলোমশোর মাধ্যমে তরী হয়। যে মলোমশো থেকে নেকেকার ব্যক্তগিণ উপর্যুপরি নিষিধে করে আসছেন এবং এর ভয়াবহতা বর্ণনা করে যাচ্ছেন।

আরও জানতে [84089](#) নং প্রশ্নোত্তর দেখুন।

আমরা আল্লাহর প্রশংসা করছি যিনি আপনাকে তওবা করার তাওফিক দিয়েছেন এবং এ পাপ থেকে আপনাকে দূরে সরিয়ে এনছেন।

আর যে ছবিগুলো আপনার কাছে আছে- যদি আপনার প্রবল ধারণ হয় যে, সে ছলেতে আপনার সাথে কোন বাহানা করবে না; কালক্ষপেণ করবে না; যাতে আরকেটু সময় সম্পর্কটা টকিয়ে রাখতে পারে তাহলে আপনি তার কাছে ছবিগুলো চাইতে পারেন এবং তার ছবিগুলো তাকে দিয়ে দিতে পারেন।

আর যদি আপনি আশংকা করেন যে, আপনার এ চাওয়াটাকে সে সুযোগ হিসেবে গ্রহণ করে আপনাকে হুমকি দবি, আপনার সাথে টালবাহানা করবে কিংবা আপনার প্রবল ধারণা হয় যে, সে ছবিগুলো দবি না তাহলে তার কাছে ছবিগুলো চাওয়ার দরকার



নহে। তার যে সব ছবি আপনার কাছে আছে সেগুলো আপনি নিশ্চয় করে ফেলুন। কারণ যা অবশিষ্ট রাখলে হারামের কথা স্মরণ হবে কিংবা যা আপনাকে হারামের দিকে ডাকবে তা রাখা নাজায়যে।

শয়তানের চক্রান্ত ও নানা রকম উপসর্গ সম্পর্কে সাবধান থাকতে হবে। যাতনে করে এই ছবিগুলো নিয়ে চিন্তা করতে গিয়ে তার সাথে কথা বলার আগ্রহ সৃষ্টি না হয়। যদি সে রকম কিছু হয় তাহলে ছবির বিষয়টি আপনি বিমোলুম ভুলে যান। আল্লাহর উপর তাওয়াক্কুল করুন। তিনিই মুমনি বান্দাকে হফেযতকারী।

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যেন আপনাকে হফেযত করেন; আপনাকে তাঁর আনুগত্যের উপর অবচিল রাখেন এবং চক্রান্তকারীর চক্রান্ত থেকে আপনাকে নিরাপদে করেন।

আল্লাহই ভাল জানেন।